

## প্রেস রিলিজ ০৫ মার্চ ২০২৪

### বাউবিতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের রাষ্ট্রচিন্তা এবং বাংলাদেশ রাষ্ট্র বিনির্মাণের সূচনা শীর্ষক সেমিনার

অগ্নিবারা মার্চ উপলক্ষ্যে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) আয়োজিত মাসব্যাপী অনুষ্ঠানমালার অংশ হিসেবে ৫ মার্চ ২০২৪; মঙ্গলবার বাউবির গাজীপুরস্থ বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা সম্মেলন ও প্রশিক্ষণ কেন্দ্রে “বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের রাষ্ট্রচিন্তা এবং বাংলাদেশ রাষ্ট্র বিনির্মাণের সূচনা” শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়।



সেমিনারে প্রধান অতিথির বক্তব্য রাখছেন বাংলাদেশ মঞ্জুরী কমিশনের সদস্য অধ্যাপক ড. মো. আবু তাহের

সেমিনারে প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ইউজিসি বঙ্গবন্ধু শেখ মুজিব ফেলো অধ্যাপক ড. মমতাজউদ্দিন পাটোয়ারী। তিনি ভারতবর্ষের দুইশো বছরের ইতিহাস এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের রাজনীতির প্রধান লক্ষ্য, সংগ্রাম, দর্শন, চিন্তা ও স্বাধীন রাষ্ট্র অর্জনের নিরবিচ্ছিন্ন সংগ্রামে দীর্ঘ ইতিহাস তুলে ধরেন তার প্রবন্ধে। পলাশির প্রান্তর, বিট্রিশদের শোষণ বঞ্চনা, ইস্ট ইন্ডিয়া কোম্পানি, ৪৭ এর দাঙ্গা, ৫২'র ভাষা আন্দোলন থেকে ৭১ এর মহান মুক্তিযুদ্ধসহ সকল প্রেক্ষাপটের সুক্ষাতিসূক্ষ বিশ্লেষণ এবং একটি মানচিত্রের দাবিতে বঙ্গবন্ধুর সুদূর প্রসারি নেতৃত্ব, অসাম্প্রদায়িক চেতনা, পরিকল্পনা ও ত্যাগের গৌরবজ্বল দিকগুলো তুলে ধরেন ড. পাটোয়ারী। তিনি উল্লেখ করেন, মুসলিম লীগ, কংগ্রেস নেতৃবৃন্দের দ্বন্দ্ব, উচ্চবিলাসীতা ও অদূরদর্শিতার কারণে ভারত বিভক্তির কবলে পড়ে। বাংলাও এই বিভক্তির হাত থেকে রেহাই পায়নি। বাংলার উপর অর্থনৈতিক, রাজনৈতিক, সাংস্কৃতিক বৈষম্যকে তিনি চরম নিপীড়ন হিসেবে ব্যাখ্যা করেন। বাংলাকে স্বায়ত্ত্বশাসনের দাবি নিয়ে আওয়ামী লীগের এগিয়ে যাওয়া এবং জনগণের মধ্যে স্বায়ত্ত্বশাসনের ধারণা প্রচারের জন্য বঙ্গবন্ধুর ত্যাগ তিতিক্ষা, জেল জুলুমের চিত্র উপস্থাপন করেন ড. পাটোয়ারী। বঙ্গবন্ধুর অসীম সাহস, দৃঢ়তা, নেতৃত্বের গুণাবলী, মানুষের প্রতি ভালবাসা, আত্মত্যাগের মহৎ

বাউবির দিক্ষা: সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা



মানসিকতা ও বহুমাত্রিক পরিকল্পনা পাকিস্তানের মতো সামরিক স্বৈরতান্ত্রিক রাষ্ট্র ব্যবস্থা থেকে পূর্ব বাংলাকে মুক্তির পথ দেখিয়েছে।

সেমিনারে প্রধান অতিথি বাংলাদেশ মঞ্জুরী কমিশনের সদস্য অধ্যাপক ড. মো. আবু তাহের বলেন, আজকের এই আয়োজনের মধ্যে দিয়ে বঙ্গবন্ধুর রাজনৈতিক জীবন ও ইতিহাস আরো প্রসারিত ও সমৃদ্ধ হল। ষড়যন্ত্রকারীদের উদ্দেশ্যে তিনি বলেন, ইতিহাসকে বিকৃত নয় বরং ইতিহাসকে ইতিহাসের জায়গায় রেখে রাজনীতি করা উচিত।

সেমিনারের সভাপতি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার বলেন, প্রকৃত ইতিহাস কখনোই পাল্টানো যায় না। ড. পাটোয়ারীর কর্ম প্রয়াস আমাদের প্রজ্জ্বলিত করেছে। আমি মনে করি তার এই গবেষণা গ্রন্থ ইতিহাস ও রাষ্ট্রবিজ্ঞানের শিক্ষার্থীদের অন্যতম সহায়ক হবে।

এ সময় আরো উপস্থিত ছিলেন বাউবির উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল, রেজিস্ট্রার ড. মহা: শফিকুল আলম, ইউজিসির রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন বিভাগের পরিচালক ড. মো. ফখরুল ইসলামসহ বাউবির বিভিন্ন স্কুলের ডিন, পরিচালক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

বউবির

ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন

পরিচালক (ভারপ্রাপ্ত)

তথ্য ও গণসংযোগ বিভাগ

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।